

২৫। 'আরো এক বিপন্ন বিস্ময়  
আমাদের অন্তর্গত রক্তের ভিতরে খেলা করে,  
আমাদের ক্রান্ত ক্রান্ত করে' — জীবনানন্দ দাশের 'আট বছর  
আগের একদিন' কবিতার অনুসরণে 'বিপন্ন বিস্ময়' কথাটির  
তাৎপর্য ব্যাখ্যা করো। এই কবিতায় কবির জীবনভাবানার স্বরূপ  
বিশ্লেষণ করো।

Total Pages : 4

B.A./3rd Sem (H)/BENG/22(CBCS)

2022

3rd Semester Examination

BENGALI (Honours)

Paper : C 6-T

[ ছন্দ, অলঙ্কার ও নির্বাচিত কবিতা পাঠ ]

[CBCS]



Full Marks : 60

Time : Three Hours

*The figures in the margin indicate full marks.  
Candidates are required to give their answers  
in their own words as far as practicable.*

বিভাগ - ক

যেকোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

- ১। ছন্দ ও যতি কী?
- ২। পঙ্ক্তি ও চরণের মধ্যে পার্থক্য কী লেখো।
- ৩। মাত্রা কাকে বলে? 'বিশ্ববিদ্যালয়' শব্দটি বাংলা তিন রীতির ছন্দে কত করে মাত্রা পাবে দেখাও।
- ৪। অমিত্রাক্ষর ছন্দের প্রধান দুটি বৈশিষ্ট্য লেখো।
- ৫। বাংলা কোন্ রীতির ছন্দকে লৌকিক ছন্দ বলা হয় এবং কেন বলা হয় লেখো।

P.T.O.

- ৬। স্মরণোপমা অলঙ্কার কাকে বলে?
- ৭। বিরোধভাস অলঙ্কারের সংজ্ঞা দাও।
- ৮। লাটানুপ্রাস ও যমক অলঙ্কারের পার্থক্য লেখো।
- ৯। সর্বানুপ্রাস অলঙ্কারের উদাহরণ দাও।
- ১০। শব্দের অর্থের উপর নির্ভর করলেও যমক ও শ্লেষ অলঙ্কারকে শব্দালংকার বলার কারণ কী?
- ১১। 'আমরা' কবিতায় কোন্ কবির নাম রয়েছে? তাঁর রচিত শ্রেষ্ঠ কাব্যগ্রন্থ কোন্টি?
- ১২। 'অবনী বাড়ি আছে?' কবিতাটি কোন্ কাব্যের অন্তর্ভুক্ত? এই কবিতায় কোন্ বিদেশী কবিতার প্রভাব লক্ষ্য করা যায়?
- ১৩। 'ফ্রাইবুর্গের পথে' কবিতাটির কাব্যগ্রন্থের নাম কী? এই কবিতায় কোন্ ফুলের নাম উল্লেখ করা হয়েছে?
- ১৪। 'এইখানে বসে ঈশা মুসা পেল সত্যের পরিচয়।' — 'ঈশা মুসা'র পরিচয় দাও।
- ১৫। 'নবঘনশ্যাম শোভার তারিফ সে বংশে কেবা করে?' — কার রচিত, কোন্ কবিতার অংশ? 'নবঘনশ্যাম' কথার অর্থ কী?

## বিভাগ - খ

যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ৪ = ২০$

- ১৬। ছন্দ নির্ণয় করো :  
সোনার জলে দাগ পড়ে না খোলে না কেউ পাতা  
অস্বাদিত মধু যেন যুথী অনায়াত।

- ১৭। ছন্দ নির্ণয় করো :  
নিঃশসিয়া কেঁদে ওঠে বন। বাহিরিনু হেথা হতে  
উন্মুক্ত অম্বরতলে, ধূসরপ্রসর রাজপথে  
জনতার মাঝখানে।
- ১৮। অলঙ্কার নির্ণয় করো :  
মুদিত আলোর কমল কলিকাটিরে  
রেখেছে সন্ধ্যা আঁধার পত্রপুটে।
- ১৯। অলঙ্কার নির্ণয় করো :  
ঘুম ঘুম নিশ্চিত  
নাকের ভগার মশাটা মশাই আস্তে উড়িয়ে দিন তো।
- ২০। 'গাহি সাম্যের গান' — সাম্যের গান কী? কবি কীভাবে সেই গান গেয়েছেন লেখো।
- ২১। 'খাদ্যে খাদকে বাদ্যে বাদকে প্রকৃতির ঐশ্বর্য,  
ষড় ঋতু ছলে ষড় রিপু খেলে কাম হতে মাৎসর্বা।' — কার রচিত, কোন্ কবিতার অংশ? উদ্ধৃত অংশের তাৎপর্য লেখো।

## বিভাগ - গ

যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ২ = ২০$

- ২২। স্বরবৃত্ত ছন্দ কাকে বলে? উদাহরণসহ এই ছন্দোবৃত্তির বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।
- ২৩। সংজ্ঞা ও দৃষ্টান্ত সহ শ্লেষ ও উৎপ্রেক্ষা অলঙ্কারের পরিচয় দাও।
- ২৪। 'শাস্তী' বাংলা প্রেমের কাব্যধারায় এক অনন্য রচনা — আলোচনা করো।